

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৫৫

তারিখঃ

৩০ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ  
১৪ জুলাই, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৮৪ তম কমিশন সভা গত ১৪/০৭/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :-

০১. কমিশন অধ্যকার সভায়, SME Sector এ দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে Oryza Agro Industries Limited. এর ১০.০০ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2018 অনুযায়ী ১,০০,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০/- টাকা মূল্যে QIO-এর মাধ্যমে Eligible Investors -এর নিকট ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই QIO-এর মাধ্যমে ১০.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি ব্যাংক ঋণ পরিশোধ, কার্যকরী মূলধন এবং ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০শে ডিসেম্বর ২০২০ সময়কালের আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় ১.০২ টাকা এবং পুনঃমূল্যায়ন সঞ্চিতি ছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation reserve) ১৮.০৯ টাকা। SME Platform এ লেনদেন এর তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর ইস্যুয়ার কোম্পানি কোন বোনাস শেয়ার ইস্যু করতে পারবে না। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে যথাক্রমে Imperial Capital Limited এবং City Bank Capital Resources Limited. অধ্যকার কমিশন সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, তালিকাভুক্ত সিকিউরিটিজে যে সকল Individual Investor (Resident and Non-resident) এর বাজার মূল্যে বিনিয়োগের পরিমাণ ১.০০ (এক) কোটি টাকা বা তদুর্ধ্ব সে সকল Individual Investors, Qualified Investors হিসেবে বিবেচিত হবে। উল্লেখ্য, এটি কোন পাবলিক অফার নয়, বাংলাদেশে SME Platform এ তালিকাভুক্তির জন্য কমিশন কর্তৃক অনুমোদিত Qualified Investor Offer (QIO)।

০২. কমিশন অধ্যকার সভায়, SME Sector এ দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে Master Feed Agrotec Limited এর ১০.০০ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2018 অনুযায়ী ১,০০,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০/- টাকা মূল্যে QIO এর মাধ্যমে Eligible Investors এর নিকট ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই QIO এর মাধ্যমে ১০.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি কার্যকরী মূলধন এবং ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩১শে ডিসেম্বর ২০২০ সময়কালের আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় ০.৬৮ টাকা এবং পুনঃমূল্যায়ন সঞ্চিতি ছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation reserve) ১৪.০৮ টাকা। SME Platform এ লেনদেন এর তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর ইস্যুয়ার কোম্পানি কোন বোনাস শেয়ার ইস্যু করতে পারবে না। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে NBL Capital & Equity Management Limited এবং Asian Tiger

চলমান পাতা-১/২

*Reza*

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

Capital Partners Investments Limited. অদ্যকার কমিশন সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, তালিকাভুক্ত সিকিউরিটিজে যে সকল Individual Investor (Resident and Non-resident) এর বাজার মূল্যে বিনিয়োগের পরিমাণ ১.০০ (এক) কোটি টাকা বা তদুর্ধ্ব সে সকল Individual Investors, Qualified Investors হিসেবে বিবেচিত হবে। উল্লেখ্য, এটি কোন পাবলিক অফার নয়, বাংলাদেশে SME Platform এ তালিকাভুক্তির জন্য কমিশন কর্তৃক অনুমোদিত Qualified Investor Offer (QIO).

০৩. কমিশন অদ্যকার সভায়, Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 এর সংশোধন অনুমোদন করেছে যা বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হবে।

Rkam  
14-07-2021

মোহাম্মদ রেজাউল করিম  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

চলমান পাতা-২/২